

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
সমবায় শাখা, সরেজমিন বিভাগ
পল্লী ভবন, ৫ কাওরানবাজার ঢাকা
www.brdb.gov.bd


স্মারক নং: ৪৭.৬২.০০০০.৫০৬.২৩.৩৪৬.২১(অংশ-৫). ২৮৭৫

তারিখ: ৩০ এপ্রিল, ২০২৬

বিষয়: জাতীয় পল্লী উন্নয়ন পদক-২০২৪ ও ২০২৫ প্রদানের নিমিত্ত ব্যক্তি/প্রতিষ্ঠান/সমিতি/সংগঠনের পৃথক মনোনয়ন আহ্বান।

পল্লী উন্নয়নের বিভিন্ন ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতিস্বরূপ ২০২৪ ও ২০২৫ সালের 'জাতীয় পল্লী উন্নয়ন পদক' প্রদানের লক্ষ্যে 'জাতীয় পল্লী উন্নয়ন পদক (সংশোধন) নীতিমালা-২০২১' অনুযায়ী যোগ্য ব্যক্তি/প্রতিষ্ঠান/সমিতি/সংগঠনের পৃথক মনোনয়ন আহ্বান করা হচ্ছে। প্রার্থী বাছাইয়ের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়াদি বিবেচনায় রাখতে হবে:


- (ক) প্রার্থী ব্যক্তি/প্রতিষ্ঠান/সমিতি/সংগঠনের কার্যক্রম সংক্রান্ত সুস্পষ্ট দৃশ্যমান কালার ছবি (একাধিক) এবং সম্ভাব্য ক্ষেত্রে ভিডিও ডকুমেন্ট থাকতে হবে।
 - (খ) একক ব্যক্তি-প্রার্থীর ক্ষেত্রে তার পাসপোর্ট সাইজ ছবি, দলভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে তাদের গ্রুপ ছবি এবং প্রতিষ্ঠান/সমিতি/সংগঠনের ক্ষেত্রে নামফলকসহ ছবি থাকতে হবে।
 - (গ) প্রার্থী ব্যক্তি/প্রতিষ্ঠান/সমিতি/সংগঠন যাই হোক না কেন, তাদের কার্যক্রমের বিস্তারিত বিবরণ সম্বলিত দুই পাতার সুলিখিত রচনা (সাইটেশন) থাকতে হবে। সাইটেশন লেখার সময় বিবেচনায় রাখতে হবে যে, প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে সাইটেশনের বস্তব্য পর্যালোচনায় আসবে এবং চূড়ান্তভাবে নির্বাচিতদের সাইটেশন গ্রন্থাকারে ছাপা হবে।
 - (ঘ) সংগঠনভিত্তিক মনোনয়নের ক্ষেত্রে ব্যক্তিকে মনোনীত করা যাবে না, ঐ সংগঠনকেই মনোনীত করতে হবে।
 - (ঙ) দশটি ক্যাটাগরির প্রতিটির বিপরীতে উপজেলা কমিটি ১টি, জেলা কমিটি ২টি এবং বিভাগীয় কমিটি অনধিক ৩টি করে মনোনয়ন প্রস্তাব করতে পারবেন।
 - (চ) বিভাগীয় কমিটিতে সদস্য সচিবের দায়িত্ব পালন করবেন সংশ্লিষ্ট বিভাগীয় যুগ্মপরিচালক। তিনি সংশ্লিষ্ট জেলাসমূহের নির্বাচিত তালিকা বিভাগীয় কমিটিতে উপস্থাপন করবেন।
 - (ছ) মনোনয়ন যাই হোক না কেন, আবশ্যিকভাবে উপজেলা ও জেলা কমিটিতে তা উপস্থাপনপূর্বক রেজুমিউশনভুক্ত করতে হবে। কোন উপজেলা-জেলার শূন্য মনোনয়ন হতে পারবে না; তবে বিশেষ ক্ষেত্রে শূন্য মনোনয়ন হলেও তা সংশ্লিষ্ট উপজেলা-জেলা কমিটির সভায় উপস্থাপনপূর্বক সিদ্ধান্ত নিতে হবে।
 - (জ) যথাযথ স্বাক্ষরিত/প্রত্যয়নকৃত কাগজপত্র ছাড়াও সকল কাগজপত্রের সফটকপি ddcoop@brdb.gov.bd ওয়েবমেইলে প্রেরণ নিশ্চিত করতে হবে এবং অবশ্যই তা নিকস ১৪ ফন্টে হতে হবে।
 - (ঝ) সংশ্লিষ্ট কমিটি কর্তৃক প্রার্থীর কর্মসামান্য মূল্যায়ন সংক্রান্ত একটি নমুনা 'মূল্যায়ন ছক' এখানে সংযুক্ত করা হলো। ছক অনুযায়ী প্রার্থীদের কার্যক্রম মূল্যায়ন করতে হবে।
 - (ঞ) ২০২৪ এবং ২০২৫ সনের মনোনয়ন পৃথকভাবে প্রেরণ করতে হবে।
- ২। আগামী ৪ জুন ২০২৬ তারিখের মধ্যে উপজেলা কমিটি, ২৫ জুন ২০২৬ তারিখের মধ্যে জেলা কমিটি এবং ১৫ জুলাই ২০২৬ তারিখের মধ্যে বিভাগীয় কমিটি কর্তৃক ক্যাটাগরিভিত্তিক ব্যক্তি/প্রতিষ্ঠান/সমিতি/সংগঠনসমূহের মনোনয়ন চূড়ান্ত করার জন্য অনুরোধ করা হলো।
- ৩। প্রার্থী তালিকাসহ বিভাগীয় কমিটির সভার কার্যবিবরণী বিআরডিবি'র সংশ্লিষ্ট বিভাগীয় যুগ্মপরিচালকগণ আগামী ১৬ জুলাই ২০২৬ তারিখের মধ্যে পরিচালক (সরেজমিন) বরাবর প্রেরণ করবেন।


ফারুক আহমেদ জোয়ার্দার ৩০/৪/২০২৬
যুগ্মপরিচালক (সিসিএম)
০১৭১১৯৮০৪১১

যুগ্মপরিচালক
বিআরডিবি, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/সিলেট/খুলনা/ময়মনসিংহ/রংপুর/বরিশাল বিভাগ।

সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সকল বিভাগীয় কমিশনার।
- ২। সকল জেলা প্রশাসক।
- ৩। যুগ্মপরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। উপপরিচালক (সকল জেলা), বিআরডিবি।
- ৬। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল উপজেলা)।
- ৮। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড।
- ৯। পরিচালক (সরেজমিন) এর একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সকল উপজেলা।



মোঃ জিহাদ খান
উপপরিচালক (সমবায়)
ফোন: ০২-৪১০১০৩৩৫

